



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস বিজ্ঞপ্তি

২৪ এপ্রিল ২০২২

বাউবি'র বোর্ড অব গভর্নরস এর ১৮৩ তম সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব গভর্নরস (বিওজি) এর ১৮৩ তম সভা আজ ২৪ এপ্রিল রবিবার দুপুর ৩.০০টায় বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতারের সভাপতিত্বে বাউবি'র ঢাকা অফিসের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নতুন ৭ জন সদস্য সরাররি এবং ভার্চুয়ালি অংশ গ্রহণ করেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন-১৯৯২(সংশোধিত ২০০৯) এর ১৯(১) (ঘ) ও (ঙ) ধারামতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রষ্ট্রপতি ও বাউবি'র চ্যাঙ্গেলর কর্তৃক বোর্ড অব গভর্নরস (বিওজি) এর সদস্য হিসেবে মনোনীত হয়ে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব আবু বকর ছিদ্দীক, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মো. মকবুল হোসেন, পিএএ, এবং একই আইনের ধারা ১৯(১) (চ) মোতাবেক মনোনীত সদস্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, ফারহাস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি ও বাংলাদেশ প্রাইভেট বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি শেখ কবির হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের সুপারনিউমারারি অধ্যাপক ড. এম সেকান্দার হায়াত খান, ও সোনালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মো. আতাউর রহমান প্রধান এবং একই আইনের ধারা ১৯(১) (খ) মোতাবেক সদস্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা), অধ্যাপক ড. মাহবুবা নাসরীন এ সভায় অংশ নেন।



বাউবি'র বোর্ড অব গভর্নরস এর ১৮৩ তম সভা সভাপতিত্ব করছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এছাড়া সভায় অংশগ্রহণকারী অন্যান্য সদস্যরা হলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, স্কুল অব এডুকেশন ডিন, অধ্যাপক সুফিয়া বেগম, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিন, স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি ডিন, অধ্যাপক ডা. সরকার মো: নোমান, ও স্কুল অব এডুকেশনের অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম। সভায় বোর্ড অব গভর্নরস এর সচিব ও বাউবি রেজিস্ট্রার ড. মহা শফিকুল আলম উপস্থিত ছিলেন।

সভা শুরু পূর্বে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বিওজি'র নতুন সদস্যদের ফুলেল শুভেচ্ছা জানিয়ে বরণ করে নেন। বোর্ড অব গভর্নরস এর নতুন সদস্যগণ বাউবি'র উন্নয়নে অর্থনী ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়। বিওজি'র এ সভায় বিশ্ববিদ্যালয়ের নানা গুরুত্বপূর্ণ ইস্যু নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ধন্যবাদান্তে,

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)